

জাতীয়

টেকসই আবাসন শুধু ঘর নয়, নাগরিক সুবিধাও: প্রধানমন্ত্রী

প্রতিবেদক: নিজস্ব প্রতিনিধি

প্রকাশের তারিখ: সোমবার, ০৫ অক্টোবর ২০২৬, ১১:৫২ AM



সবার জন্য নিরাপদ, সাশ্রয়ী, পরিবেশসম্মত ও টেকসই আবাসন নিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

সোমবার রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে বিশ্ব বসতি দিবস ২০২৬ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, টেকসই আবাসন মানে শুধু একটি ঘর নয়। এর সঙ্গে নিরাপদ পানি, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ, উন্নত পয়ঃনিষ্কাশন, গণপরিবহন ও উন্নত সড়কব্যবস্থা জড়িত। এর পাশাপাশি শিক্ষা ও স্বাস্থ্যসেবা, কর্মসংস্থান এবং নিরাপদ পরিবেশও নিশ্চিত করতে হবে।

তিনি বলেন, বাংলাদেশের মতো জনবহুল দেশে সবার জন্য নিরাপদ ও টেকসই আবাসন নিশ্চিত করা সহজ নয়। তবে এই চ্যালেঞ্জ মোকাবিলা করে এগিয়ে যেতে হবে।

রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন শহরের ওপর জনসংখ্যার চাপ কমাতে বিকেন্দ্রীভূত ও ভারসাম্যপূর্ণ নগরায়ণের ওপর গুরুত্ব দিচ্ছে সরকার।

পরিকল্পিত, নিরাপদ, পরিবেশবান্ধব ও অন্তর্ভুক্তিমূলক নগর গড়ে তোলার পাশাপাশি নিম্ন ও নিম্ন-মধ্যম আয়ের মানুষের জন্য সশ্রয়ী আবাসনের ব্যবস্থা করা সরকারের অন্যতম প্রধান লক্ষ্য বলেও জানান প্রধানমন্ত্রী।

শহরাঞ্চলে জনসংখ্যার চাপ কমাতে গ্রামাঞ্চলে নাগরিক সুবিধা বাড়ানোর পরিকল্পনা নেওয়া হয়েছে বলে জানান তিনি। একই সঙ্গে যোগাযোগব্যবস্থা উন্নত করা এবং ঢাকার আশপাশে সেকেন্ডারি টাউনশিপ গড়ে তোলার পরিকল্পনাও রয়েছে।

প্রধানমন্ত্রী বলেন, সরকার গৃহীত পরিকল্পনাগুলো পর্যায়ক্রমে বাস্তবায়ন করা গেলে [সবার জন্য নিরাপদ বাসস্থান] দেশের নাগরিকদের সামনে একটি বাস্তবতায় পরিণত হবে, ইনশাল্লাহ।

এ বিভাগের আরও খবর



ইতালির শ্রমবাজারে ২০২৭ সালে বাংলাদেশিদের জন্যও বড় সুযোগ
বিশেষ কর্মীদের জন্য বড় পরিসরে শ্রমবাজার খুলছে ইতালি। দেশটির ২০২৬-২০২৮ মেয়াদের [ভিক্রেতো ফুসি] কর্মসূচির আওতায় ২০২৭ সালে ১ লাখ ৬৫ হাজার ৮৫...



জ্ঞান ও যোগ্যতাই জীবনের প্রকৃত সম্পদ: শেখ রবিউল আলম
শিক্ষার মূল উদ্দেশ্য শুধু জীবিকা নির্বাহ নয়, নিজেকে একজন যোগ্য ও ভালো নাগরিক হিসেবে গড়ে তোলা। এমন মন্তব্য করেছেন সড়ক পরিবহন ও সেতু, রেলপথ এবং...



আজ বিশ্ব শিক্ষক দিবসে ১০০ গুণী শিক্ষককে সম্মাননা দেবেন প্রধানমন্ত্রী
আজ ৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবস। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও নানা কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি পালিত হচ্ছে। এবার প্রথমবারের মতো জাতীয়...



যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণ কাজের গতি বাড়ানোর নির্দেশ প্রধানমন্ত্রীর
প্রধানমন্ত্রী তারেক রহমান যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণকাজের গতি বাড়ানোর নির্দেশ দিয়েছেন। ঢাকা মহানগরের যানজট নিরসনে অভ্যন্তরীণ বৃত্তাকা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/teksi-abasn-shudhu-ghr-ny-nagrik-subidhao-prdhanmtri>